দৈনিক সংবাদ

NOV. 28 2002

হালুয়াঘাটে মূল্যায়ন পরীক্ষা

# বৃষ্টির জন্য অধিকাংশ পরীক্ষার্থী উপস্থিত হতে পারেনি

**নিজস্ব বার্তা পরিবেশক, ময়মনসিংহ ঃ** দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে ময়মনসিংহ জেলার সীমান্তবর্তী উপজেলা হালুয়াঘাটে সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচির চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষায় অধিকাংশ শিক্ষার্থী উপস্থিত হয়নি।

শুক্রবার সকাল ১০টা হতে ১২টা পর্যন্ত পুরুষ পরীক্ষার্থীদের ও দুপুর আড়াইটা থেকে সাড়ে ৪টা পর্যন্ত মহিলা শিক্ষার্থীদের উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠিত হয়।

হালুয়াঘাট উপজেলার ১২টি ইউনিয়নে ৭৪ হাজার ৭ শ' ৯১ জন নিরক্ষর নারী-পুরুষ শিক্ষার্থী সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচির আওতায় আনা হলেও চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষায় প্রায় ৪০ হাজার শিক্ষার্থী অংশগ্রহণ করেছে। তন্মধ্যে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্যে অনেক ভুয়া পরীক্ষার্থীকে অংশ নিতে দেখা যায়। এসব ভুয়া পরীক্ষার্থীদের মধ্যে অনেক স্কুল কলেজে পড়ুয়া ছাত্রছাত্রী ও পূর্বে লেখাপড়া জানা অনেককেই পাওয়া গেছে।

হালুয়াঘাট উপজেলায় অনুষ্ঠিত চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষার কেন্দ্র উপ-আনুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক সোয়েবুর রহমান ও ময়মনসিংহের জেলা প্রশাসক জাফর আহম্মদ চৌধুরী পরিদর্শন করেন। সকাল থেকে বৃষ্টি থাকায় অনেক শিক্ষার্থী কেন্দ্রে আসতে পারেনি।